# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 23 June, 2025

বলিউডের জনপ্রিয় অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের ব্যক্তিগত জীবন সবসময়ই আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকে।রণবীর কাপুরের সঙ্গে বিচ্ছেদের পর দীপিকা মর্মান্তিকভাবে ভেঙে পড়েছিলেন, তবে 'রামলীলা' সিনেমার সেটে রণবীর সিং-এর সঙ্গে পরিচয় হয়, যা পরবর্তীতে বিবাহে পরিণত হয়।২০১৮ সালে তারা বিয়ে করেন এবং বর্তমানে এক সন্তানের মা হিসেবে সুখী জীবন যাপন করছেন।

দীপিকার প্রেমজীবন ছিল অনেকদূর বিস্তৃত। তিনি দীর্ঘদিন ছিলেন বিজয় মালিয়ার ছেলে সিদ্ধার্থ মালিয়ার সঙ্গেও সম্পর্কে। যদিও সেই সম্পর্ক ভেঙে যায়, পরে সিদ্ধার্থ জানিয়েছিলেন তাদের মধ্যে সৌজন্যমূলক যোগাযোগ এখনও রয়ে গেছে।

দীপিকা নিজের সাক্ষাৎকারে জানিয়েছিলেন, তার ব্যক্তিগত জীবনের বিষয়গুলো নিয়ে বেশি আলোচনা হলেও, তিনি তার শৈশব ও বড় হওয়ার সময়ের কথা ভাগ করে নিয়েছেন। বেঙ্গালুরুর সাধারণ এবং সুরক্ষিত পরিবেশে বেড়ে ওঠা এই অভিনেত্রী বলেছিলেন, তিনি ভেতর থেকে সংবেদনশীল মানুষ এবং তার পরিবার সবসময় তাকে ভালোবাসা দিয়ে বড় করেছে।

বলি পাড়ার এই ডিভা আশা রাখেন তার কাজ ও শিল্পজীবন নিয়েই আলোচনা হবে, ব্যক্তিগত জীবন নয়।

বলিউড,দীপিকা পাড়ুকোন,রণবীর কাপুর,রণবীর সিং,রামলীলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:18

URL: https://www.timestodaybd.com/public/entertainment/7758073572